7

ভোরের কাগজ

তারিখ ... SEP. 5 1999 ...
পৃষ্ঠা 6 ... কলাম 6 ...

# ঢাকার বিভিন্ন গ্রন্থাগার

ঢাকার জানা অজানা লাইব্রেরি

বই পড়ুয়া জাতি হিসেবে বাঙালির নাম নিশ্চয় কোথায় থাকবে তা সহজেই অনুমেয়। জ্ঞানের চোখ বৃদ্ধির কথা বলা হলেও আমাদের দুচোখের ব্যবহারও এখনো ঠিকমতো হয় না। এই ঢাকাতে বই কেনা ও পড়াসহ লাইব্রেরি থেকে বই তুলে পড়া সবই চলছে। তবে ঢাকার লাইব্রেরি/গ্রন্থাগারসমূহের চালচিত্র মোটেও সারাদেশের প্রকৃত পাঠচিত্রটি তুলে ধরে না। দেশের অধিকাংশ শহরেই একটি দুটি পাঠাগার বিদ্যমান। তবে ঢাকা শহরেও এমন অনেক গ্রন্থাগার আছে যেগুলোর সঙ্গে আমরা কম পরিচিত। তবে পুস্তকের প্রাচুর্য্য এবং পরিচিতির ভিত্তিতে ঢাকার গ্রন্থাকারগুলো—

*পাবলিক লাইব্রেরি :* শাহবাগে জাতীয় যাদুঘরের পাশে অবস্থিত। পত্রিকা, বই, মূল্যবান রেফারেন্স বই সমৃদ্ধ এটি। তিন তলা বিশিষ্ট। ২য় ও ৩য় তলায় অধ্যয়নের সুযোগ রয়েছে। শুক্র ও শনিবার বন্ধ থাকে। সকাল ৮টা থেকে রাত ৮টা পর্যন্ত খোলা থাকে।

*পিআইবি লাইব্রেরি :* কাকরাইল সার্কিট হাউজ রোডে অবস্থিত এই প্রেস ইনস্টিটিউট লাইব্রেরিটি। সাংবাদিক এবং শিক্ষানবিশদের জন্য এই গ্রন্থাগার খুব গুরুত্বপূর্ণ। সবধরনের পত্রিকা, বই ও ম্যাগাজিন এখানে পাওয়া যায়। শুক্রবার বন্ধ থাকে। সকাল ৯টা থেকে ৫টা পর্যন্ত খোলা।

*মহানগর পাঠাগার :* এটি গুলিস্তানে অবস্থিত। বই, রেফারেন্স বই, পত্র-পত্রিকা সংরক্ষিত থাকে। তবে এ পাঠাগারের বিশেষ সুবিধা হচ্ছে চাকরির বিজ্ঞাপনের কাটিং পাওয়া যায়। সদস্য ফি ১০০টাকা (ফেরতযোগ্য) এবং বার্ষিক চাঁদার হার ১০০টাকা। বাড়িতে বই নেওয়া যায়। জাতীয় গ্রন্থকেন্দ্র পরিচালিত এবং গ্রন্থ ভবনে অবস্থিত এই পাঠাগার শুক্র, শনি বন্ধ। সকাল ৯টা থেকে ৪টা পর্যন্ত খোলা থাকে।

*ব্যানবেইস লাইব্রেরি :* বাংলাদেশ ন্যাশনাল এডুকেশন, ইনফরমেশন ও স্ট্যাটিসটিকল ব্যুরো বা ব্যানবেইস লাইব্রেরি পলাশী-নীলক্ষেতের সোনারগাঁও রোডে অবস্থিত। এই গ্রন্থাগারে ঢুকতে আপনি যে শিক্ষাপ্রতিষ্ঠানের ছাত্র সেই পরিচয়পত্র লাগে। তথ্য ভিত্তিক বিভিন্ন বই এই লাইব্রেরির বিশেষ আকর্ষণ। শুক্র ও শনিবার বন্ধ থাকে। সকাল ৯.৩০ থেকে ৪.৩০ পর্যন্ত খোলা থাকে।

*ইউসিস লাইব্রেরি :* এই গ্রন্থাগারটি বনানী রোড নং-২৭, বাড়ী নং-১১০-এ অবস্থিত। এখানকার পরিবেশ খুবই চমৎকার। প্রচুর পরিমাণে বিদেশী পত্রিকা সংরক্ষিত থাকে।

*ব্রিটিশ কাউন্সিল লাইব্রেরি :* এটি ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের ফুলার রোডে অবস্থিত। বিদেশী পত্রিকা, ম্যাগাজিন ও দুষ্প্রাপ্য বইসমৃদ্ধ এই লাইব্রেরি। ইন্টারনেট সুবিধা আছে। অডিটোরিয়ামে বিভিন্ন সেমিনার ও ফিল্ম শো হয় নিয়মিত। সদস্য কার্ড করতে হয় ১ বছরের জন্য। বৃহস্পতি ও শুক্রবার বন্ধ থাকে। সকাল ১০টা থেকে ৬টা পর্যন্ত খোলা।

*গণউন্নয়ন গ্রন্থাগার :* এই লাইব্রেরিটি ধানমন্ডি সাতমসজিদ রোড-১৪-এ বাড়ি নং-৩৯ (আবাহনী মাঠের উত্তর পশ্চিম কোণে) অবস্থিত। এটি মূলত এনজিওর লাইব্রেরি। বইপত্র, উন্নয়ন সংক্রান্ত পত্রিকা এখানে থাকে। সদস্য ফি ২০০ টাকা। ভর্তি ফি ১০ টাকা। বার্ষিক চাঁদা ২০ টাকা। শুক্রবার বন্ধ থাকে। সকাল ৯টা থেকে ৭টা পর্যন্ত খোলা।

*বিশ্বসাহিত্য কেন্দ্র লাইব্রেরি :* এই লাইব্রেরিটি বাংলামোটরে অবস্থিত। বাংলাসহ বিশ্বের অনেক ভাষার অনূদিত সেরা গ্রন্থের অপূর্ব সমাবেশ এটি। এখানে নিয়মিতভাবে বিভিন্ন আলোচনা, বইপড়া প্রতিযোগিতা হয়। সদস্য হতে ৪০০ টাকা জামানত ফি (ফেরতযোগ্য) মাসিক চাঁদা ১০ টাকা। শুক্রবার বন্ধ থাকে। বিকেল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত খোলা।

*ইসলামিক ফাউন্ডেশন লাইব্রেরি :* এটি গুলিস্তান-বায়তুল মোকাররম মসজিদের পাশে অবস্থিত। ইসলামিক বইয়ের অপূর্ব সমাবেশ এটি। শনিবার বন্ধ থাকে। সকাল ১০টা থেকে এশার আজান পর্যন্ত খোলা থাকে।

*ভারতীয় দূতাবাস গ্রন্থাগার :* ধানমন্ডি সাতমসজিদ রোডের ৭৫৪নং বাড়ির চারতলায় (আবাহনী মাঠের উল্টো দিকে) অবস্থিত। এটি সর্বসাধারণের জন্য উন্মুক্ত। নাম ও ঠিকানা খাতায় এন্ট্রি করে ঢুকতে হয়। এটি মূলত ভারতের বিভিন্ন পত্রিকা, কলেজ-বিশ্ববিদ্যালয় ও উচ্চশিক্ষার যাবতীয় তথ্য সমৃদ্ধ পুস্তকের সংরক্ষণ। শুক্র ও শনিবার বন্ধ থাকে। সকাল ১০টা থেকে ৬টা পর্যন্ত খোলা।

*রামকৃষ্ণ মিশন পাঠাগার :* এটি গোপীবাগে ২৭ আর কে মিশন রোডে (ব্রাদার্স ক্লাবের বামে) অবস্থিত। ভারতীয় বিভিন্ন পত্রপত্রিকা, বিদেশী বই, গবেষণাধর্মী গ্রন্থ ও ধর্মীয় বইয়ের সুবিধা রয়েছে। এছাড়াও কার্টুনের সংখ্যাও প্রচুর। সবার জন্য উন্মুক্ত। নাম এন্ট্রি করতে হয়।

রবোবার সাপ্তাহিক বন্ধ। সবুজ শান্ত পরিবেশে পড়ার জন্য চমৎকার। বিকাল ৪টা থেকে সন্ধ্যা ৭টা পর্যন্ত খোলা থাকে।

❑ দেবাশীষ কুন্ডু কাকন